গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলা ঃ মৌলভীবাজার ।
www.lged.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ সম্মেলন ভবন, শ্রীমংগল উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন ও শ্রীমংগল থানার অফিসার ইনচার্জের বাস ভবন কনডেম ঘোষণা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক
মৌলভীবাজার ।

সভার তারিখ : ১৭-০৫-২০২২ খ্রিঃ

সময় : দুপুর ১২.০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

**সভায় উপস্থিতি সদস্যবৃন্দ : পরিশিষ্ট -ক ।**

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভায় কাজ আরম্ভ করেন । সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী,এলজিইডি, মৌলভীবাজার জনাব মোঃ আজীম উদ্দীন সরদার সভাকে অবহিত করেন যে, উপপরিচালক ( উপ সচিব),স্থানীয় সরকার, মৌলভীবাজার এর স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০১২.০৫.০০৯.১৬.২১-১০৬, তারিখ ঃ ৯ মার্চ ২০২২ খ্রিঃ মুলে রাজনগর উপজেলাধীন উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ সম্মেলন ভবন ও শ্রীমংগল থানার অফিসার্স ইনজার্জের বাস ভবন কনডেম ঘোষনা সংক্রান্ত সহ আনুষাঙ্গিক কাগজ পত্রাদি অত্র দপ্তরে প্রেরণ করেছেন । অনুরূপভাবে একই দপ্তরের স্মারক নং-০৫. ৪৬. ৫৮০০. ০১২. ০৫. ০০৯. ১৬.২১-১৮৯, তারিখ ঃ ২৪ এপ্রিল, ২০২২ খ্রিঃ মুলে শ্রীমংগল উপজেলাধীন পুরাতন ইউটিডিসি ভবন নিলামের ১০,০৫,৪৫৯.০০ ( দশ লক্ষ পাঁচ হাজার চারশত উনষাট ) টাকার প্রাক্কলন ( উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ) সহ কনডেমনেশন ঘোষণার প্রয়োজনীয় কাগজ পত্র দাখিল অত্র দপ্তরে প্রেরণ করেছেন ।

উক্ত সভার সম্মানিত সদস্যগণ বর্ণিত তারিখ ও সময়ে রাজনগর উপজেলাধীন উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ সম্মেলন ভবন, শ্রীমংগল উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন ও শ্রীমংগল থানার অফিসার ইনচার্জের বাস ভবন সরেজমিনে পরিদর্শন করেন । যার বিবরণ নিম্নরূপ ঃ

(ক) রাজনগর উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ সম্মেলন ভবনটি তৎকালীন পূর্ব পাকিস্তান আমলে অর্থাৎ প্রায় ৬০( ষাট) বৎসর পূর্বে নির্মিত বলে জানা যায় । ভবনের Wall এবং Slab এর Strength নষ্ট হয়ে গেছে । ভবনের কয়েক অংশে ছাদ থেকে প্লাস্টার খসে পড়েছে । বৃষ্টি হলেই ছাদ দিয়ে পানি পড়ে, বিভিন্ন স্থানে রড বাহির হয়ে মরিচা পড়ে গিয়েছে, সম্মেলন ভবনটির মেঝে দেবে মাটিতে বসে গিয়েছে এবং যে কোন সময় মারাত্নক দূর্ঘটনা ঘটতে পারে । বর্তমানে ভবনটি বসবাসের অনুপযোগী ও বিগত ০৮/১০ বছর খালি অবস্থায় পড়ে আছে । ঝুকিপূর্ণ জরাজীর্ণ সম্মেলন ভবনটিতে ভবিষ্যতে ভূমিম্প হলে যে, কোন সময় দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে । সার্বিক দিক বিচেনায় রাজনগর উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ সম্মেলন ভবনটি পরিত্যাক্ত ও কনডেম ঘোষণার সিদ্ধান্ত সর্বস্মতক্রমে গৃহীত হয়েছে ।

চলমান/২

(খ) অনুরূপ ভাবে শ্রীমংগল উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবনটি পরিদর্শনকালে জানা যায় যে, পুরাতন ইউটিডিসি ভবনের স্থানটিকে নির্বাচন পূর্বক দরপত্র আহবান করা হয়েছে । পুরাতন ইউটিডিসি ভবনটি ব্যবহার অযোগ্য হওয়ায় উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির ২৮-০২-২০২২ খ্রিঃ তারিখের সভায় পুরাতন ইউটিডিসি ভবন প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ১০,০৫,৪৫৯.০০ ( দশ লক্ষ পাঁচ হাজার চারশত উনষাট ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে । পরিদর্শনকালে জরাজীর্ণ ভবন অপসারণের যৌক্তিকতা বলে প্রতীয়মান রয়েছে । ঝুকিপূর্ণ জরাজীর্ণ পুরাতন ইউটিডিসি ভবনটিতে ভবিষ্যতে ভূমিকম্প হলে যে, কোন সময় দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে । সার্বিক দিক বিবেচনায় শ্রীমংগল উপজেলাধীন পুরাতন ইউটিডিসি ভবনটি পরিত্যাক্ত ও কনডেম ঘোষণার সিদ্ধান্ত সর্বস্মতক্রমে গৃহীত হয়েছে ।

(গ) শ্রীমংগল থানার অফিসার ইনচার্জের বাস ভবনটি পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে নির্মিত ভবনটি প্রায় অর্ধ শতাব্দী পূর্বে নির্মিত এবং ২০১৯-২০২০ অর্থ বছর সহ ইতিপূর্বে একাধিকবার বাস ভবনটি মেরামত ও সংস্কার করা হলে তা অত্যান্ত পুরাতন ও স্যাতস্যাঁতে । ভবনের ছাদ ও দেয়ালের বিভিন্ন অংশে ফাটল থাকার কারণে রুমের ভিতরে বৃষ্টির পানি প্রবেশ করে এবং বিভিন্ন স্থানে আস্তর খসে পড়েছে বিধায় বিকল্প ভাবে কিছুটা সংস্কার করা হয়েছে তাতে ভবনটি স্থায়ীত্ব নিয়ে সংশয় রয়েছে । ঝুকিপূর্ণ বাস ভবনটি বসবাসের অনুপযোগী এবং যে কোন সময় ভূমিকম্প হতে প্রানহানির আশংকা রয়েছে । সার্বিক দিক বিবেচনায় ভবন জরাজীর্ণ ও বসবাসের অনুপযোগী বিধায় ভবনটি পরিত্যাক্ত ও কনডেম ঘোষণার সিদ্ধান্ত সর্বস্মতক্রমে গৃহীত হয়েছে । আলোচনান্তে এ বিষয়ে সভায় সকলেই একমত পোষণ করে বর্ণিত ৩টি ভবন ঝুকিপূর্ণ বিধায় পরিত্যাক্ত বা কনডেম ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৫/২২

(জেলা প্রশাসক )
মৌলভীবাজার
ও
সভাপতি
কনডেমনেশন কমিটি
মৌলভীবাজার ।

স্মারক নং- ৪৬.০২.৫৮০০.০০০.৯৯.০০৬.২০- ১২২৩ (৫)

তারিখ ঃ ১৭/০৫/2022

অনুলিপি ঃ কার্যার্থে-

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার ।
০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার ।
০৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর/শ্রীমংগল, মৌলভীবাজার ।

১৭/০৫/২২

(মোঃ আজীম উদ্দীন সরদার )
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, মৌলভীবাজার
ও
সদস্য সচিব
কনডেমনেশন কমিটি
মৌলভীবাজার ।
ফোনঃ ০৮৬১-৬২৮০২
মোবাইল নম্বর ০১৭০৮-১২৩২১৫
E-mail- xen.moulvibazar@lged.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ-

### পরিশিষ্ট ' ক ' ( স্বাক্ষরের ক্রমানুসারে )

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজীম উদ্দীন সরদার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার । | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমংগল, মৌলভীবাজার । | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মাহমুদুল হাসান নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার। | স্বাক্ষরিত |
| ০৪ | মল্লিকা দে, উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার । | স্বাক্ষরিত |
| ০৫ | বাবুল সূত্রধর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), রাজনগর, মৌলভীবাজার । | স্বাক্ষরিত |

১৭/০৫/২২

(মোঃ আজীম উদ্দীন সরদার )
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, মৌলভীবাজার
ও
সদস্য সচিব
কনডেমনেশন কমিটি
মৌলভীবাজার ।

ফোনঃ ০৮৬১-৬২৮০২
মোবাইল নম্বর ০১৭০৮-১২৩২১৫
E-mail- xen.moulvibazar@lged.gov.bd